

পঁচিশে পা রাখলো সিলেটের শাহজালাল বিশ্ববিদ্যালয়

শাবি সংবাদদাতা : সাফল্যের ২৪ বছর পেরিয়ে ২৫ বছরে পদার্পণ করলো সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ১ ফেব্রুয়ারি তারিখে বিশ্ববিদ্যালয়ের ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী জাতীয় পত্রিকা উদ্বোধন, র্যালি, বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি প্রফেসর ড. সদরুদ্দীন আহমেদ চৌধুরীকে সংবর্ধনা প্রদান ও কেক কাটাসহ নানা আয়োজনের মধ্য দিয়ে ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী পূর্ণান বরণগো বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা।

গতকাল জুজবার সকাল ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আমিনুল হক ভূইয়ার নেতৃত্বে ক্যাম্পাসে এক আনন্দ শোভাযাত্রা শুরু হয়। শোভাযাত্রাটি প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের মুকুম্বরের সামনে এসে শেষ হয়। মুকুম্বরে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন। এ সময়

উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি প্রফেসর ড. সদরুদ্দীন আহমেদ চৌধুরী, কোষাধ্যক্ষ প্রফেসর ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. নারায়ণ সাহাসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।

এদিকে বঙ্গবন্ধুর প্রথম দিন ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাবার্ষিকীতে বিভিন্ন বিভাগ, বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব, সাংস্কৃতিক, সামাজিক ও বৈজ্ঞানিক সংগঠন গতকাল ক্যাম্পাসে আনন্দ শোভাযাত্রা বের করেছে।

উল্লেখ্য, দেশের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে ১৯৯১ সালের ১৩ ফেব্রুয়ারি ৩টি বিভাগ, ১৩ জন শিক্ষক ও ১২০ জন শিক্ষার্থী নিয়ে ৩২০ একর জায়গায় আনুষ্ঠানিকভাবে শুরু হয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ২৫টি বিভাগে প্রায় ১০ হাজার শিক্ষার্থী রয়েছে।